তারিখ ... 09 SEP 2016 ...
পৃষ্ঠা ...22... কলাম 6 ...

যুগান্তর

# বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

**গোপালগঞ্জ প্রতিনিধি**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৮, ২৯ অক্টোবর এবং ৪, ৫ নভেম্বর অনুষ্ঠিত হবে।

এবারে ৮টি অনুষদের অধীনে ২৩ বিভাগে সর্বমোট ২২০৭ জন (কোটাসহ) শিক্ষার্থী ভর্তি করা হবে। ইউনিট সমূহ হল এ, বি, সি, ডি, ই, এফ, জি এবং এইচ। এ ও বি ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর, সি ও এইচ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৯ অক্টোবর, ডি ও ই ইউনিটের ভর্তি পরীক্ষা ৪ নভেম্বর এবং এফ ও জি ইউনিটের ভর্তি পরীক্ষা ৫ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীরা ৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ রাত ১২টা ০১ মিনিট থেকে ১৮ অক্টোবর, রাত ১২টা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd এ প্রচারিত নিয়মাবলী অনুসারে অনলাইনে আবেদন করতে পারবে।